

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০০৪.১৮-৫১৭

তারিখ-...../০৮/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ ২য় কারণ দর্শানোর নোটিশ।

সূত্রঃ বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিটিউটের স্মারক নং-বিএসপিআই/সংস্থাপন/পিএফ/২০১৮/৬৬৯, তারিখ-১৬/০৮/২০১৮ খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ আব্দুর রাজ্জাক, অফিস সহায়ক শোলক ভিক্টোরিয়া মাধ্যমিক বিদ্যালয় এর একজন ল্যাব এসিস্টেন্ট (ডেস মেকিং) কে এমপিও ভুক্ত করণের আশ্বাসের মাধ্যমে তার কাছ থেকে অর্থ গ্রহণ করেছেন। যার প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৯.০০৮.১৬-৪৮৭(৯), তারিখ-০৮/০৬/২০১৭ খ্রিঃ মোতাবেক আপনাকে টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ (কর্মস্থল পরিবর্তনে-কারিগরি শিক্ষা অধিদপ্তর) হতে বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিটিউটে বদলী করা হয়। কিন্তু আপনি অদ্যাবধি বদলীকৃত কর্মস্থলে যোগদান করেন নাই এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। যার প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০০৪.১৮-১০৯(৩), তারিখ-২৬/০২/২০১৮ খ্রিঃ মোতাবেক আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়েছে। কিন্তু আপনি কোন জবাব প্রেরণ করেন নাই।

২। উল্লেখ্য যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০০৪.১৮-৩০৭/ক(২), তারিখ-১৪/০৬/২০১৮ খ্রিঃ মোতাবেক আপনার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। কিন্তু আপনি কোন জবাব প্রেরণ করেন নাই।

৩। এমতাবস্থায়, আপনার উক্ত আচরণের কারণে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর ধারা ৩।(খ), ৩।(গ) ও ৩।(ঘ) ধারা মতে কেন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হল। লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে ব্যক্তিগত শুনানি চান কিনা তাও নিম্নস্বাক্ষরকারী বরাবর জানানোর জন্য নির্দেশ দেয়া গেল।

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব (কারিগরি)

৩
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

বর্তমান ঠিকানাঃ

জনাব মোঃ আব্দুর রাজ্জাক

অফিস সহায়ক

বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিটিউট

কাপ্তাই, রাজামাটি পার্বত্য জেলা।

স্থায়ী ঠিকানাঃ

গ্রাম-পৌলী, ডাকঘর-মানিকগঞ্জ,

থানা-মানিকগঞ্জ, জেলা-মানিকগঞ্জ।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০০৪.১৮-৫১৭(৩)

তারিখ-...../০৮/২০১৮ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলঃ-

- ১। অধ্যক্ষ, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিটিউট, কাপ্তাই, রাজামাটি পার্বত্য জেলা।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেওয়ার জন্য অনুরোধ জানানো হল।)
- ৩। সংশ্লিষ্ট নথি।